

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) শিক্ষক সমিতির ২০২৩ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে সভাপতি পদে নির্বাচিত হয়েছেন পুরকৌশল বিভাগের অধ্যাপক মো. মিজানুর রহমান এবং সাধারণ সম্পাদক পদে বিজয়ী হয়েছেন যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক এ কে এম মঞ্জুর মোরশেদ। গত মঙ্গলবার রাতে নির্বাচনের ফল ঘোষণা করা হয়। মঙ্গলবার ১৩টি পদে বুয়েট শিক্ষক সমিতির নির্বাচনে ১২টিতে ভোটগ্রহণ হয়। সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে স্থাপত্য বিভাগের নায়না তাবাসসুম বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

বিজ্ঞাপন

বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের অধ্যাপক রাকিব আহসান প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। এবারের কার্যনির্বাহী পরিষদে সহসভাপতি পদে নির্বাচিত হয়েছেন বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের অধ্যাপক ফারসীম মান্নান মোহাম্মদী, কোষাধ্যক্ষ পদে পুরকৌশল বিভাগের অধ্যাপক রূপক মুৎসুদ্দী, যুগ্ম সম্পাদক পদে কেমিকৌশল বিভাগের ইফতেখার আহমদ খান, আপ্যায়ন সম্পাদক পদে কম্পিউটার কৌশল বিভাগের মো. রায়হান রাশেদ।